

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মার্চ ২৪, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়

প্রজ্ঞাপন

তারিখ: ০২ চৈত্র, ১৪৩২/ ১৬ মার্চ, ২০২৬

নং ০৩.৪৫.২৬৯০.০৭০.০৬.০০৯.২০২৬-৩৭—নীলফামারী জেলায় চীন সরকারের অর্থায়নে প্রস্তাবিত ১০০০ শয্যার হাসপাতাল শীর্ষক প্রকল্পের কারিগরি উপযোগিতা যাচাই, বিশেষায়িত সেবার পরিধি নির্ধারণ এবং প্রকল্পের বাস্তবায়ন রোডম্যাপ প্রণয়ন করার জন্য সরকার নিম্নরূপ কমিটি গঠন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে :

- | | | |
|--|---|------------|
| ০১. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ | : | সভাপতি |
| ০২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর | : | সদস্য |
| ০৩. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | : | সদস্য |
| ০৪. অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এর প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নিচে নয়) | : | সদস্য |
| ০৫. আর্থসামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন এর প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নিচে নয়) | : | সদস্য |
| ০৬. বিশেষজ্ঞ প্রতিনিধি, বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয় | : | সদস্য |
| ০৭. অতিরিক্ত সচিব (পরিকল্পনা অনুবিভাগ), স্বাস্থ্য সেবা বিভাগ | : | সদস্য-সচিব |

(১৪০৬৭)

মূল্য : টাকা ৪.০০

কমিটির কার্যপরিধি :

- (ক) চীন সরকারের অর্থায়নে প্রস্তাবিত হাসপাতালের নকশা ও কারিগরি দিকসমূহ দেশের বর্তমান স্বাস্থ্য চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ কি না তা যাচাই করা;
- (খ) উত্তরবঙ্গের ভৌগলিক ও জনসংখ্যাতাত্ত্বিক বৈশিষ্ট্য বিবেচনা করে কোন কোন বিশেষায়িত সেবায় ঘাটতি রয়েছে তা চিহ্নিত করা এবং প্রকল্পে অন্তর্ভুক্ত করা;
- (গ) প্রকল্পের ডিপিপি (DPP) প্রণয়ন, প্রশাসনিক অনুমোদন এবং নির্মাণ কাজ শুরুর সুনির্দিষ্ট সময়সীমা সম্বলিত একটি কর্মপরিকল্পনা প্রস্তুত করা;
- (ঘ) চীন সরকারের অর্থায়নের শর্তাবলি পর্যালোচনা করে দাতা সংস্থার সাথে কারিগরি বিষয়ে সমন্বয় করা;
- (ঙ) কমিটি আগামী ১৫(পনেরো) কার্যদিবসের মধ্যে প্রাথমিক সুপারিশ ও রোডম্যাপ স্বাস্থ্য বিষয়ক মূল কমিটির নিকট উপস্থাপন করা;
- (চ) কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ের বিশেষজ্ঞ বা প্রতিনিধিকে কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ সাখাওয়াত হোসেন
পরিচালক-৩(প্রতিকল্প)।